রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জানুয়ারি ১১, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ জানুয়ারি ২০১৫/২৫ পৌষ ১৪২১

**নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৪-০৭**—সরকার 'জাতীয় পরিবেশ কমিটির নির্বাহী কমিটি' নিম্নরূপভাবে গঠন করিয়াছে :

ক. **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৫) | মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড | - | সদস্য |
| (৭) | উপ-মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৮) | সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় | - | সদস্য |
| (৯) | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (১০) | সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (১১) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| (১২) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১৩) | সচিব, বিদ্যুৎ বিভাগ | - | সদস্য |
| (১৪) | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - | সদস্য |
| (১৫) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - | সদস্য |
| (১৬) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| (১৭) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| (১৮) | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | - | সদস্য |
| (২০) | ব্যবস্থাপনা পরিচালক, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | - | সদস্য |
| (২১) | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | - | সদস্য |
| (২২) | কান্ট্রি রিপ্রেজেন্টটিভ, আইইউসিএন | - | সদস্য |
| (২৩) | সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি | - | সদস্য |
| (২৪) | পরিবেশ বিষয়ে বিশেষজ্ঞ সিভিল সোসাইটির একজন প্রতিনিধি (পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | - | সদস্য |

**খ. কমিটির কার্যপরিধি :**

(১) অনুমোদিত জাতীয় পরিবেশ নীতি বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক বাস্তবায়নের কার্যক্রম পরিবীক্ষণ ও পর্যালোচনা;

(২) অনুমোদিত জাতীয় পরিবেশ নীতি বাস্তবায়ন কার্যক্রমের বিশ্লেষণ এবং পরিবর্তিত প্রেক্ষাপটে ইহার সংশোধন সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৩) পরিবেশ সংক্রান্ত বিভিন্ন আন্তঃমন্ত্রণালয় সমস্যা দূরীকরণে প্রাথমিক পদক্ষেপ গ্রহণ ও প্রয়োজনবোধে তাহা জাতীয় পরিবেশ কমিটিতে উপস্থাপন;

(৪) জাতীয় পরিবেশ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ;

(৫) পরিবেশ সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়।

২। নির্বাহী কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করাসহ কমিটির উপর অর্পিত দায়িত্ব পালনের সুবিধার্থে স্বতন্ত্র কারিগরি প্যানেল গঠনপূর্বক সংশ্লিষ্ট বিষয়ে ইহার মতামত বিবেচনা করিতে পারিবে।

৩। কমিটি বছরে অন্তত দুইবার সভায় মিলিত হইবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd